



# ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

ওয়াসা ভবন

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website: [www.dwsa.org.bd](http://www.dwsa.org.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.২০৮.০০.১৩.০৫.২০১৮-৬৬৪

তারিখঃ ২৪/০৪/২০১৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা ওয়াসার নিম্নবর্ণিত সরাসরি নিয়োগযোগ্য কিছু সংখ্যক শূণ্য পদে উপযুক্ত প্রার্থী নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	শূণ্য পদের সংখ্যা	২৮/০২/২০১৮ তারিখে বয়স	বেতনস্কেল (২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা
০১.	উপ-সহকারী প্রকৌশলী	৪৩(তেতাল্লিশ) টি	অনুর্ধ্ব ৩০বছর	১৬,০০০-৩৮,৬৪০ /-	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সিভিল / ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল-এ অনূন দ্বিতীয় বিভাগে ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা বা সমমানের ডিগ্রী; (খ) শিক্ষা জীবনে সকল স্তরে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে।

### সাধারণ প্রয়োজনীয় তথ্যাবলী :

- ০১। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ২৪/০৫/২০১৮।
- ০২। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য (উপযুক্ত সনদপত্র দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে)।
- ০৩। উল্লিখিত যোগ্যতাসম্পন্ন বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে।
- ০৪। চাকুরীরত প্রার্থীদেরকে স্ব স্ব নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।
- ০৫। কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।
- ০৬। আগ্রহী প্রার্থীদেরকে ঢাকা ওয়াসার ওয়েব সাইট [www.dwsa.org.bd](http://www.dwsa.org.bd) এ অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবেনা।
- ০৭। আগ্রহী প্রার্থীদের নির্ধারিত ছকে জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপিসহ আগামী ২৪/০৫/২০১৮ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।
- ০৮। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ও মুক্তিযোদ্ধার মূল সনদ প্রদর্শন করতে হবে।
- ০৯। প্রার্থীকে অনলাইনের মাধ্যমে ৫০০/- টাকা ঢাকা ওয়াসার অনুকূলে প্রেরণ করতে হবে (অনলাইনে প্রদর্শিত নির্দেশনা অনুযায়ী)।
- ১০। প্রার্থীকে কম্পিউটার ব্যবহার বিষয়ে মৌলিক জ্ঞান থাকতে হবে।
- ১১। নিয়োগ সংক্রান্ত সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি যে কোন সময় আংশিক বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ প্রয়োজনে পদ সংখ্যা কম বা বেশী করতে পারেন।

স্বাক্ষরিত/-  
ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা।